কুষ্টিয়ায় সারের দাম বেশি নেওয়ায় দুই ব্যবসায়ীর ৫০ হাজার টাকা জরিমানা

কুষ্টিয়া সদর উপজেলায় কৃষকদের কাছ থেকে রাসায়নিক সারের দাম বেশি নেওয়া ও মেয়াদউত্তীর্ণ বালাইনাশক বিক্রয়ের উদ্দেশ্যে তাকে সাজিয়ে রাখার অপরাধে একজনকে ৫০ হাজার টাকা জরিমানা করেছেন ভোক্তা অধিকার সংরক্ষণ অধিদপ্তরের।

বুধবার বেলা ১১টায় সদর উপজেলার মধুপুর বাজারে এই অভিযান চালানো হয়। অভিযানে নেতৃত্ব দেন জাতীয় ভোক্তা অধিকার সংরক্ষণ অধিদপ্তরের কুষ্টিয়া জেলা কার্যালয়ের সহকারী পরিচালক সুচন্দন মন্ডল।

এসময় তিনি জানান, বেশ কিছুদিন ধরে রাসায়নিক সার সরকার নির্ধারিত দামের চেয়ে বেশি দামে বিক্রি করে আসছিলেন। এমন অভিযোগের ভিত্তিতে মধুপুর বাজারে অভিযান চালিয়ে এর সত্যতা পাওয়া যায়। মধুপুর বাজারে মেসার্স হেলাল এন্টারপ্রাইজে গিয়ে দেখা যায়পূর্বে ইউরিয়া সার কিনে মজুদ করে রেখে বর্তমানে অধিক মূল্যে বিক্রয় করছেন।

পাশাপাশি টিএসসি এবং ডিএপি সার কেজিপ্রতি ৬ টাকা থেকে ১৩ টাকা পর্যন্ত অধিক মূল্যে বিক্রয় করছেন এছাড়াও মেয়াদউত্তীর্ণ বালাইনাশক বিক্রয়ের উদ্দেশ্যে তাকে সাজিয়ে রেখেছিলেন এসবের অপরাধে ভোক্তা অধিকার সংরক্ষণ আইন, ২০০৯ এর ৪০ এবং ৫১ ধারায় ৫০ হাজার টাকা জরিমানা আরোপ ও আদায় করা হয়।

তদারকিতে সার্বিক সহযোগিতা প্রদান করেছেন কুষ্টিয়া সদর উপজেলা উপ-সহকারী কৃষি কর্মকর্তা আমিনুল ইসলামসহ আইনশ্রঙ্খলা রক্ষাকারী বাহিনীর সদস্যরা উপস্থিত ছিলেন।

কুষ্টিয়ায় ভোক্তা অধিকারের অভিযান: ৫৫ হাজার টাকা জরিমানা আদায়

কুষ্টিয়ার ভেড়ামারায় মিষ্টির দোকানে অভিযান চালিয়েছে ভোক্তা সংরক্ষণ অধিদফতর। অস্বাস্থ্যকর পরিবেশে নোংরা ও পঁচা দ্রব্যসামগ্রী দিয়ে মিষ্টি তৈরি করে বিক্রি করার অপরাধে দইটি প্রতিষ্ঠানকে ৪০ হাজার জরিমানা করা হয়।

বুধবার দুপুরে উপজেলার গোলাপনগর বাজারে এই ভেজালবিরোধী অভিযান চালানো হয়। এ সময় নোংরা পরিবেশে মিষ্টি তৈরির জন্য দুই প্রতিষ্ঠানকে জরিমানা করা হয়। ভোক্তা অধিকার অধিদফতরের কুষ্টিয়ার সহকারী পরিচালক সুচন্দন মন্ডল অভিযানে নেতৃত্ব দেন।

এসময় তিনি জানান, মিষ্টি তৈরির কারখানায় অস্বাস্থ্যকর নোংরা পরিবেশ ও বেশ কয়েকদিন আগের পঁচা বাসি মিষ্টি এবং তৈরিকৃত দই-মিষ্টিতে মশা-মাছি, পোকা দেখতে পায় এবং শিরার ভেতর মাছি ও পোকামাকড় মরে পড়ে আছে। পঁচা, বাসি ও পোকাযুক্ত সেই শিরা দিয়ে বিভিন্ন ধরনের মিষ্টি বানানো হচ্ছে।

পরে ভোক্তা অধিকার সংরক্ষণ আইন, ২০০৯ এর ৪৩ ধারা মোতাবেক পাল মিষ্টান্ন ভান্ডার ও নরেন্দ্র মিষ্টান্ন ভাণ্ডারের মালিককে ২০ হাজার করে মোট ৪০ হাজার টাকা জরিমানা করা হয়।

তিনি জানান, অস্বাস্থ্যকর পরিবেশে নোংরা ও পঁচা দ্রব্যসামগ্রী দিয়ে মিষ্টি তৈরি করে বিক্রি করা যায় তা বিশ্বাস করা কষ্টকর। যদি ন্যূনতম দায়বদ্ধতা থাকত তাহলে এভাবে তারা মিষ্টি উৎপাদন করত না।

এদিকে ভুল তথ্য সরবরাহ করে অধিক দামে ফ্রিজ বিক্রির করার অপরাধে একই বাজারের মিলন ট্রেডার্স নামের এক প্রতিষ্ঠানকে ভোক্তা অধিকার সংরক্ষণ আইন, ২০০৯ এর ৪৪ ধারা মোতাবেক ১৫ হাজার টাকা জরিমানা করা হয়।

তদারকিতে সার্বিক সহযোগিতা প্রদান করেন জেলা স্যানিটারি ইন্সপেক্টর (ভারপ্রাপ্ত) সুলতানা রেবেকা নাসরীন ও আইনশৃঙ্খলা রক্ষাকারী বাহিনীর সদস্যরা।

৪০ জেলায় নতুন এসপি

দেশের ৪০ জেলার নতুন পুলিশ সুপার (এসপি) হিসেবে দায়িত্ব দেওয়া হয়েছে বাংলাদেশ পুলিশের ৪০ জন কর্মকর্তাকে।

বুধবার স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের জননিরাপত্তা বিভাগের পুলিশ-১ শাখা থেকে এ সংক্রান্ত এক প্রজ্ঞাপন জারি করা হয়েছে।

রাষ্ট্রপতির আদেশক্রমে প্রজ্ঞাপনে সই করেন উপসচিব ধনঞ্জয় কুমার দাস।

বাংলাদেশ পুলিশের ইতিহাসে একসঙ্গে ৪০ জেলার নতুন এসপি নিয়োগের ঘটনা এবারই প্রথম।

যে ৪০ জেলায় নতুন এসপি নিয়োগ দেওয়া হয়েছে, সেগুলো হলো- পাবনা, চট্টগ্রাম, নারায়ণগঞ্জ, সিলেট, ময়মনসিংহ, শরীয়তপুর, সুনামগঞ্জ, লক্ষ্মীপুর, ঝিনাইদহ, নড়াইল, চুয়াডাঙ্গা, সিরাজগঞ্জ, সাতক্ষীরা, দিনাজপুর, রাঙামাটি, লালমনিরহাট, নওগাঁ, কক্সবাজার, নেত্রকোণা, বরিশাল, কুমিল্লা, গাজীপুর, পটুয়াখালী, মুন্সীগঞ্জ, শেরপুর, জয়পুরহাট, ফেনী, ঢাকা, বান্দরবান, বরগুলা, ফরিদপুর, খাগড়াছড়ি, কিশোরগঞ্জ, মাদারীপুর, কুড়িগ্রাম, পঞ্চগড়, মাগুরা, ঝালকাঠি, নীলফামারী এবং নাটোর।

নিচে তালিকা দেখুন-

হরিণাকুণ্ডুতে সাহিত্য ও সাংস্কৃতিক প্রতিযোগিতা

ঝিনাইদহের হরিণাকুণ্ডু সরকারি লালন শাহ কলেজের দুই দিনব্যাপী বার্ষিক সাহিত্য ও সাংস্কৃতিক প্রতিযোগিতা অনুষ্ঠিত হয়েছে।

মঙ্গলবার ও আজ বুধবার কলেজ প্রাঙ্গণে এই প্রতিযোগিতা চলে। পরে বিকেলে বিজয়ী প্রতিযোগিদের মাঝে পুরস্কার বিতরণ করা হয়।

অনুষ্ঠানে সভাপতিত্ব করেন বাংলা বিভাগের বিভাগীয় প্রধান সহযোগী অধ্যাপক শরিফুজ্জামান। প্রধান অতিথি হিসেবে ছিলেন কলেজের অধ্যক্ষ আতিয়ার রহমান। বিশেষ অতিথি ছিলেন ইসলামের ইতিহাস ও সংস্কৃতি বিভাগের প্রধান অধ্যাপক আতাউর রহমান, দর্শন বিভাগের প্রধান অধ্যাপক আব্দুল ওয়াহেদ ও রাষ্ট্রবিজ্ঞানের বিভাগীয় প্রধান সহকারী অধ্যাপক নজরুল ইসলাম।

অনুষ্ঠানটি সঞ্চালনা করেন প্রভাষক আব্দুল্লাহ আল মামুন।

সাপে কামড়ানোর দু‘দিন পর নারীর মৃত্যু

ঝিনাইদহের হরিণাকুণ্ডুতে সাপের কামড়ে ফরিদা খাতুন (৪৫) নামে এক নারীর মৃত্যু হয়েছে। তিনি উপজেলার কালাপাহাড়িয়া গ্রামের মওলা মিয়ার স্ত্রী।

বুধবার সকালে নিজ বাড়িতে তার মৃত্যু হয়। এর আগে গত ১ আগস্ট বিকেলে তাকে সাপে কাটে।

ফরিদার স্বামী মওলা মিয়া বলেন, ওইদিন বিকেল পাঁচটার দিকে গ্রামের মাঠ থেকে আমার স্ত্রীকে গোখরা সাপে কামড়ায়। তখন তাকে পাশের গ্রামের এক ওঝার কাছে নিয়ে যায়। ওঝা প্রায় দুই ঘন্টা ধরে ঝাড়ফুঁক দেয়। এতে সে সুস্থ না হওয়ায় প্রতিবেশিদের পরামর্শে সন্ধ্যা সাতটার দিকে হাসপাতালে নিয়ে যায়। সেখানেও তার অবস্থার উন্নতি না হলে মঙ্গলবার চিকিৎসকের পরামর্শে তাকে কুষ্টিয়া মেডিকেল কলেজ হাসপাতালে নিই। পরে ওইদিন সন্ধ্যায় বাড়িতে নিয়ে আসি। আজ সকালে সে মারা যায়।

হরিণাকুণ্ডু উপজেলা স্বাস্থ্য কর্মকর্তা জামিনুর রশিদ জানান, সাপে কামড়ানোর প্রায় তিন ঘন্টা পর ওই রোগীকে হাসপাতালে আনা হয়।

ওইদিন রাত আটটার দিকে তাকে অ্যান্টিভেনমের প্রথম ডোজ দেওয়া হয়। পরে রাত এগারোটার দিকে তাকে দ্বিতীয় ডোজ দেওয়া হয়। কিন্তু রোগীর অবস্থার পরিবর্তন না হওয়ায় উন্নত চিকিৎসার জন্য কুস্টিয়া মেডিকেল কলেজ হাসপাতালে রেফার করি।

দেরি করে হাসপাতালে নিয়ে আসায় রক্তের সাথে বিষ মিশে মস্তিস্কের নার্ভাস সিস্টেম আরও দুর্বল হয়ে যাওয়ার ফলে এই রোগীর মৃত্যু হতে পারে বলেও জানান এই চিকিৎসক।

মুজিবনগরে বাগানের মধ্যে দিয়ে ট্রলি নিয়ে যেতে বাধা দেওয়ায় বাগান মালিককে কুপিয়ে জখম

মুজিবনগর উপজেলার মোনাখালী ইউনিয়নের ভবানীপুরে নিজস্ব লিচু বাগানের ক্ষতি করে ভিতর দিয়ে ট্রলি নিয়ে যাওয়ার প্রতিবাদ করতে গিয়ে বাগান মালিক ও ব্যাবসায়ী জিয়াউর রহমান মোল্লা নামের একজনকে কুপিয়ে জখম করেছে শিবপুর গ্রামের মুজিবর রহমান ও তাঁর লোকজন ।আহত জিয়াউর রহমান মোল্লা ভবানীপুর গ্রামের মৃত আহসান আলী মোল্লার ছেলে।

বুধবার সকাল সাড়ে ৯টার দিকে মুজিবনগর উপজেলা মোনাখালী ইউনিয়নের ভবানীপুর গ্রামে বাগান মালিক জিয়াউর রহমান মোল্লার নিজস্ব কাঁচামাল ব্যবসা প্রতিষ্ঠান মোল্লা ট্রেডার্সের সামনে এ ঘটনা ঘটে।

আহত জিয়াউর রহমান মোল্লা জানান প্রতিদিনের ন্যায় আজকেও তিনি তার নিজ ব্যবসা প্রতিষ্ঠান মোল্লা ট্রেডার্সে বসে ছিলেন কিন্তু হঠাৎ করে আচমকা শিবপুর গ্রামের রহমত আলীর ছেলে মজিবার ও আজাদের ছেলে হালিম এবং মতি গাজির ছেলে ফয়সাল সঙ্গীয় লাঠিয়াল বাহিনী দেশীয় অস্ত্র শস্ত্র নিয়ে আমাকে মারপিট করে এবং কুপিয়ে জখম করে আমার কাছ থাকা ২৫ হাজার ১০০ টাকা ছিনতায় করে নিয়ে পালিয়ে যায়।

আহত জিয়াউর রহমানের বড় ভাই হালিম মোল্লা জানান, খবর পেয়ে আমি সহ আশে পাশের লোকজন দৌড়ে গিয়ে দেখি আমার ভাই জিয়াউর রহমান পড়ে আছে আমি স্থানীয়দের সহযোগিতায় তাকে মুজিবনগর স্বাস্থ্য কমপ্লেক্সে নিয়ে আসি এবং তার চিকিৎসা করি।

মুজিবনগর স্বাস্থ্য কমপ্লেক্সের কর্তব্যরত চিকিৎসক জানান, জিয়াউর রহমান মোল্লার হাত কেটে যাওয়ায় ছয়টি সেলায় দেওয়া হয়েছে এবং প্রাথমিক চিকিৎসা দেওয়া হয়েছে।

এ বিষয়ে শিবপুর গ্রামের মতি গাজীর ছেলে ফয়সাল হোসেনের কাছে জানতে চাওয়া হলে তিনি বলেন, আমরা কচুর ব্যবসা করি। জিয়া মোল্লার বাগানের আইল দিয়ে ট্রলি যাওয়া আসা করে। ঘটনার দিন ট্রলি দিয়ে কচু আনতে যাওয়ার সময় জিয়া মোল্লা টলির চাকা এবং বেল্ট ধারালো অস্ত্র দিয়ে কেটে দেয়। আমরা এ বিষয়ে তার কাছে জানতে গেলে সে ক্ষিপ্ত হয়ে আমাদের মারতে আসে এ সময় দুপক্ষের মধ্যে ধাক্কাধাক্কি হয়। পরে স্থানীয়রা এসে দুই পক্ষকে সরিয়ে দেয়। এ সময় আমরা চলে আসি। জিয়া মোল্লা আমাদের বিরুদ্ধে যে অভিযোগ করেছে যে হাতে কোপ মেরে কেটে দেওয়া হয়েছে এবং টাকা ছিনতাই করা হয়েছে এটা সম্পূর্ণ মিথ্যা ও বানোয়াট এরকম কোন ঘটনা সেখানে ঘটেনি। সে নিজেই নিজের হাত কেটে আমাদেরকে মিথ্যা মামলায় ফাঁসাতে চাচ্ছে।

হামলার ঘটনার বিষয়ে মুজিবনগর থানার অফিসার ইনচার্জ ওসি মেহেদী রাসেলের বলেন,বিষয়টি শুনেছি এবং ঘটনাস্থলে পুলিশ পাঠানো হয়েছিল।এখনো কোন লিখিত অভিযোগ পায়নি। লিখিত অভিযোগ পেলে আইনগত ব্যবস্থা গ্রহণ করা হবে।

মুজিবনগরে রতনপুরে চার্চ অব বাংলাদেশের সেলাই মেশিন বিতরণ

মুজিবনগর উপজেলার রতনপুরে আর্থিক সচ্ছলতা আনতে মহিলাদের মাঝে চার্চ অব বাংলাদেশ কর্তৃক সেলাই মেশিন বিতরণ করা হয়েছে।

বুধবার সকাল সাড়ে ১১ টার সময় মধ্য ও দক্ষিণ বাংলাদেশ শিশু উন্নয়ন

প্রকল্পের আয়োজনে, রতনপুরে মধ্য ও দক্ষিণ বাংলাদেশ শিশু উন্নয়ন প্রকল্পের সেমিনার কক্ষে এক অনুষ্ঠানের আয়োজন করা হয়।

প্রকল্প সভাপতি রেফারেন্স লরেন্স মৃত্যুঞ্জয় মন্ডলের সভাপতিত্বে অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন বাগান ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান আইয়ুব হোসেন।

বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন, বাগোয়ান ইউনিয়ন পরিষদের ৬ নম্বর ওয়ার্ড সদস্য বাবুল মল্লিক, স্থানীয় পুরোহিত রেভা: কর্নেলিয়াস মন্ডল, প্রকল্প ব্যবস্থাপক জেমস প্রবীর সরকার, প্রকল্প কমিটির সদস্য অসিত মল্লিক এবং মাধবী মন্ডল।

অনুষ্ঠানে মহিলাদের আয়বর্ধক হিসাবে প্রতিষ্ঠিত করতে ১৫ জনকে কম্প্যাশন ইন্টারন্যাশনাল বাংলাদেশের আর্থিক সহযোগিতায় এসব সেলাই মেশিন প্রদান করা হয়।

মেহেরপুরে বিষ প্রয়োগ করে পুড়িয়ে দিল কৃষকের ধান

মেহেরপুর সদরের ঝাউবাড়িয়া মাঠে বিরোধপুর্ণ জমির ধানক্ষেতে আগাছা নাশক প্রয়োগ করে সমস্ত ক্ষেত বিনষ্ট করেছে প্রতিপক্ষরা। এতে জনৈক শহিদুল ইসলামের ১০ কাঠা জমির ধানক্ষেত সম্পুর্ণ বিনষ্ট হয়। মঙ্গলবার দুপুরে প্রকাশ্যে এমন ন্যাক্কারজনক ঘটনা ঘটিয়েছেন মেহেরপুর শহরের হাফিজুর ও তার লোকজন।

জমির ওয়ারিশ সুত্রে দাবিদার গোলাম মোস্তফা জানান, জমির প্রকৃত মালিক আহম্মদ আলী। তিনি মারা যাবার পর তার স্ত্রী সুর্য বিবি ও ছোট ছেলে ইউনুস আলী সমস্ত জমি বিভিন্ন জনের কাছে বিক্রি করেন। তার একটি অংশ ক্রয় করেন মেহেরপুরের হাফিজুর রহমান। কিন্তু ওই সকল জমির আরো ওয়ারিশ থেকে যায়। সে সকল ওয়ারিশদের একজন গোলাম মোস্তফা । তিনি ওই গ্রামের শহিদুল ইসলামের কাছে ১০ কাঠা বিক্রি করলে তিনি সম্প্রতি ওই জমিতে ধান রোপন করেন।

এদিকে ক্রয় সুত্রে দাবিদার হাফিজুর ওই জমিতে রোপনকৃত ধানক্ষেত আগাছা নাশক ছিটিয়ে বিনষ্ট করে। হাফিজুল ইসলাম ও তার লোকজন প্রকাশ্য দিবালোকে দেশিয় অস্ত্রে সজ্জিত হয়ে আগাছানাশক প্রয়োগ করলেও ভয়ে কেউ প্রতিবাদ করতে পারেনি। ক্ষয় ক্ষতির পরিমান অন্ততঃ ১০ হাজার টাকা বলে দাবি করেছেন ক্ষেতমালিক।

কুতুবপুর ইউপি মেম্বর আরিফুল ইসলাম জানান, ক্রয়সুত্রে ওই জমি হাফিজুর রহমান ২০ বছর যাবত ভোগ দখল করে আসছেন। সম্প্রতি জমির কাগজপত্র যাচাই করে আহম্মদ আলীর ওয়ারিশগণ সম্পত্তির মোটা অংশ পাবেন বলে দাবি করেন। এ নিয়ে উভয় পক্ষের মধ্যে তীব্র উত্তেজনা বিরাজ করছে। বেশ কয়েকবার সালিশ বৈঠকের কথা থাকলেও কেউ সালিশে উপস্থিত হননি। ফলে আপোশ মিমাংসার বিষয়টি স্থগিত রয়ে যায়। ইতোমধ্যে ধানক্ষেত বিনষ্ট করার ঘটনাটি ঘটে।

এদিকে জমির কথিত মালিক হাফিজুরের সাথে যোগাযোগ করার চেষ্টা করেও তাকে পাওয়া যায়নি।

এ ব্যাপারে আদালতে মামলার প্রস্তুতি নিচ্ছেন ওয়ারিশ সুত্রে দাবিদার গোলাম মোস্তফা।

চীনের হুমকির মুখে এবার সতর্কতা বাড়াল তাইওয়ান

তাইওয়ানের সেনাবাহিনী নিজেদের সতর্কতার মাত্রা বাড়িয়েছে এবং কর্তৃপক্ষ স্বশাসিত দ্বীপটির চারপাশের নিরাপত্তা ও স্থিতিশীলতা নিশ্চিতে পরিকল্পনা করছে বলে জানিয়েছে তাইওয়ানের মন্ত্রিসভা।

বুধবার মার্কিন প্রতিনিধি পরিষদের স্পিকার ন্যান্সি পেলোসির তাইপে সফরের প্রতিক্রিয়ায় তাইওয়ানে একের পর এক চীনের সামরিক মহড়ার ঘোষণা আসার পর এ পদক্ষেপ নিয়েছে তারা। খবর রয়টার্সের।

তাইওয়ানের মন্ত্রিসভা আরও বলেছে, একটি জাতীয় স্থিতিশীলতা তহবিল স্টক মার্কেটের পরিস্থিতির ওপর কড়া নজর রাখছে এবং দরপতন হলে

হস্তক্ষেপ করবে, তাই নাগরিকদের উদ্বিগ্ন হওয়ার কারণ নেই।

চীনের হুশিয়ারি অগ্রাহ্য করে মঙ্গলবার রাতে তাইওয়ানে পা রাখেন যুক্তরাষ্ট্রের প্রতিনিধি পরিষদের স্পিকার পেলোসি।

২৫ বছরের মধ্যে মার্কিন কংগ্রেসের প্রতিনিধি পরিষদের কোনো স্পিকার এই প্রথম তাইওয়ানে গেলেন, যে দ্বীপটিতে চীন নিজেদের অংশ বলেই দাবি করে।

পেলোসি এশিয়ার সফরে তাইওয়ানে যাবেন, এমন খবর ফাঁস হওয়ার সঙ্গে সঙ্গে বেইজিং হুশিয়ার করেছিল— ওয়াশিংটন ‘আগুন নিয়ে খেলছে’।

কিন্তু তা উপেক্ষা করে পেলোসি তাইপেতে নামলেন। কড়া নিরাপত্তার মধ্যে পেলোসিকে যখন হোটেলে নিয়ে যাওয়া হচ্ছিল, তখন হোটেলের বাইরে চীনের পক্ষে বিক্ষোভ চলছিল বলে বিবিসি জানিয়েছে।

পেলোসি তাইপেতে নামামাত্রই চীনের রাষ্ট্রায়ত্ত সংবাদ সংস্থার খবরে বলা হয়, তাদের ফাইটার জেটগুলো তাইওয়ান প্রণালির ওপর মহড়া দিয়েছে।

এর পর পরই দেশটির পররাষ্ট্র মন্ত্রণালয়ের মুখপাত্র হুয়া চুনইং টুইট করে বলেন, আত্মরক্ষার জন্য এগিয়ে যেতে চীনকে বাধ্য করা হচ্ছে।

পেলোসির সফরের প্রতিক্রিয়ায় চীনের নেওয়া যে কোনো পদক্ষেপ এখন যৌক্তিকতা পাবে বলেও মন্তব্য করেন তিনি। চীনের সামরিক বাহিনী তাইওয়ানসংলগ্ন উপকূলে সমরসজ্জা বাড়িয়েছে বলেও খবর এসেছে।

তাইওয়ানের প্রতিরক্ষা দপ্তরের উদ্ধৃতি দিয়ে সিএনএন জানিয়েছে, মঙ্গলবার ২১টি চীনা যুদ্ধবিমান তাইওয়ানের আকাশসীমায় ঢুকে পড়ে।

চীনের পিপলস লিবারেশন আর্মির ইস্টার্ন থিয়েটার কমান্ডের পক্ষ থেকে বলা হয়, তারা মঙ্গলবার রাত থেকেই তাইওয়ানের কাছে সর্বাত্মক সামরিক মহড়া পরিচালনা করবে। একই সঙ্গে তারা তাইওয়ানের পূর্বাঞ্চলীয় সমুদ্রে প্রচলিত ক্ষেপণাস্ত্রের পরীক্ষাও চালাবে।

তাইওয়ানের উত্তর, দক্ষিণ-পশ্চিম এবং উত্তর-পূর্বাঞ্চলে যৌথভাবে আকাশ ও সমুদ্রে চীনের ওই মহড়া চলবে। তাইওয়ান প্রণালিতে দীর্ঘ পাল্লার ‘লাইভ ফায়ারিং’ করা হবে।

[redacted]

[redacted]